

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫২০(আগরতলা-১১।০।১)
কৈলাসহর, ১১ জানুয়ারী, ২০১৮

১৩-১৪ জানুয়ারী উনকোটিতে মকর সংক্রান্তি মেলা

মহকুমা প্রশাসন, তথ্য ও সংস্কৃতি দপ্তর, গৌরনগর ও চন্ডিপুর ব্লকের যৌথ উদ্যোগে আগামী ১৩ জানুয়ারী বিকেল ৩টায় শৈবতীর্থ উনকোটিতে মকর সংক্রান্তি মেলার উদ্বোধন হবে। উনকোটি জিলা পরিষদের সভাপতি কল্পনা দেবনাথ ২ দিন ব্যাপী এই মেলার উদ্বোধন করবেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উনকোটি জিলা পরিষদের সহকারী সভাপতি প্রসেনজিৎ সিনহা। সভাপতিত্ব করবেন গৌরনগর বি এ সি'র প্রাক্তন চেয়ারম্যান হাকথুয়ামা ডার্লং। মেলা প্রাঙ্গণে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত হবে সারারাতব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান। সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন প্রান্তের খ্যাতনামা শিল্পীরা অংশ নেবেন।
